

Vol. 37 | No. 1 | 1993

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

আচার্য মুহম্মদ আবদুল হাই

Volume	37
Issue	1
Year	1993
ISSN	0558-1583
eISSN	3006-886X
Author(s)	Humayun Azad
Published online	October 1, 1993
DOI	10.62328/sp.v37i1.1
Link to article	https://doi.org/10.62328/sp.v37i1.1
Pages	9-37
Publisher	University of Dhaka
Copyright	সাহিত্য পত্রিকা
Designed and Developed by	Zobayer Abdullah

সাহিত্য পত্রিকা
বর্ষ ৩৭ : সংখ্যা ১

Check for updates

আচার্য মুহম্মদ আবদুল হাই

হুমায়ুন আজাদ*

মুহম্মদ আবদুল হাই (১৯১৯-১৯৬৯) ছিলেন বাংলাদেশে আধুনিক ভাষাবিজ্ঞানের জনক এবং এদেশে বাংলা বিভাগের নতুন কালের স্থপতি। ১৯৪৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকরূপে যোগদানের পর থেকে আমৃত্যু তিনি এখানেই অধ্যাপনা করেন। আবদুল হাই ছিলেন মূলত লন্ডন ধারার সাংগঠনিক ধ্বনিবিজ্ঞানী, যদিও তিনি কখনো পুরোপুরি আচরণবাদী হয়ে উঠতে পারেন নি। বাংলা ধ্বনিশৃঙ্খলা উদঘাটনে তার অবদান স্মরণীয় হয়ে আছে। বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতির ওপর পাকিস্তানী আক্রমণকে তিনি প্রতিরোধ করার চেষ্টা করেছেন আপন শক্তি ও যুক্তি দিয়ে। তাঁর সম্পাদনায় দীর্ঘ ১২ বছর (১৯৫৭-৬৯) *সাহিত্য পত্রিকা* প্রকাশিত হয়েছিল।

* প্রফেসর, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

অধ্যাপক মুহম্মদ আবদুল হাইয়ের নামের সাথে মনীষী বা আচার্য অভিধা ব্যবহার রীতি হয়ে ওঠে নি, যদিও আজকাল নিয়মিত অপব্যবহার করছি আমরা এসব অভিধা; তবে মনীষাবিরল বাঙলায় যে-কজনের নামের সাথে মনীষী বা আচার্য ব্যবহার অতিশয়োক্তি ব'লে গণ্য হবে না, মুহম্মদ আবদুল হাই সে-মুষ্টিমেয়র একজন। অকালে, মাত্র পঞ্চাশ বছর বয়সে, বেদনাদায়ক অপমৃত্যু যদি তাঁকে সরিয়ে না নিতো, আর নিজেকে যদি তিনি বাঁচিয়ে রাখতে পারতেন একাত্তরের ঘাতকদের থেকে, তাহলে আজো আমাদের মধ্যে তাঁর উপস্থিতি অস্বাভাবিক হতো না। তিনি নিজে যতি টেনে দিয়েছিলেন নিজের জীবনের। ১৯৬৯-এর জুনের ৩ তারিখের বৃষ্টিভেজা ভোরে করুণ এক দুর্ঘটনার শিকার হয় বাঙলা ভাষা, রেলগাড়ির চাকায় খণ্ডিত হয়ে লোকান্তরিত হন ধ্বনিবিজ্ঞানাচার্য মুহম্মদ আবদুল হাই। বাঙলা ভাষাসাহিত্যের ইতিহাসে দুটি দুর্ঘটনা, একটি ট্রাম ও একটি রেল, বেশ রহস্যময় হয়ে আছে, তবে দুটিই স্বেচ্ছাদুর্ঘটনা; জীবনানন্দ দাশের মতো মুহম্মদ আবদুল হাইও বেঁছে নিয়েছিলেন স্বেচ্ছামৃত্যু, যদিও সামাজিক আমরা তা স্বীকার করতে দ্বিধা বোধ করি। মুহম্মদ আবদুল হাই যে-জীবন যাপন করতেন, তাতে তাঁর কমলাপুর রেলস্টেশনের উত্তরে খিলগাঁও যাওয়ার কথা নয়, ওখানে ওই বৃষ্টিতে তাঁর কোনো কাজ থাকতে পারে না; তিনি গিয়েছিলেন একটি চরম কাজ সম্পন্ন করার জন্যে। মৃত্যুর কয়েক মাস আগে থেকে চাপা অভিমান ও অপমানবোধের মধ্যে বাস করছিলেন তিনি, ছিলেন বিব্রত বিচলিত; কাউকে না জানিয়ে হঠাৎ দেশে ফিরে এসেছিলেন যুক্তরাষ্ট্র থেকে, এবং ফেরার অল্প পরেই প্রত্যাখ্যান করেছিলেন জীবনকে। পঞ্চাশ বছর বয়সেই তিনি যে-কাজ সম্পন্ন করেছিলেন, তা তাঁকে স্মরণীয় ক'রে রাখবে দীর্ঘকাল; তবে বেঁচে থাকলে তিনি আরো মূল্যবান কাজ সম্পন্ন করতে পারতেন, বাঙলা ধ্বনিশৃঙ্খলা হয়তো আরো বিস্তৃতভাবে উদঘাটিত হতো। মুহম্মদ আবদুল হাইকে আচার্যরূপেই দেখতে আমি পছন্দ করি; তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের, সুতরাং বাঙলাদেশের সব বিশ্ববিদ্যালয়ের, বাঙলা বিভাগের নতুন কালের স্থপতি, এবং তিনি বাঙলাদেশে আধুনিক ভাষাবিজ্ঞানের জনক।

মুহম্মদ আবদুল হাইয়ের মতো মানুষ আজকাল দেখি না। এমন কাউকে দেখি না, যাঁকে দেখলে মনে পড়ে সংস্কৃতি, রুচি, ব্যক্তিত্বের কথা; সকলকেই মনে হয় খুব বেশি সাধারণ ও বাস্তব। মুহম্মদ আবদুল হাইকে দেখলে মনে হতো তিনি যেনো বাস্তব নন, যেনো চারপাশের কলুষের তিনি কেউ নন। অমন স্মিত হাসি ও শান্ত কণ্ঠস্বর তখনই দুর্লভ হয়ে উঠেছিলো বাঙলায়, আজ তো সম্পূর্ণ বিলুপ্ত। তাঁর পুরো নাম ছিলো আবুল বাশার মুহম্মদ আবদুল হাই, তবে আবুল বাশারটুকু তিনি ব্যবহার

করতেন না। তিনি জন্মগ্রহণ করেছিলেন মুর্শিদাবাদ জেলার রানীনগর থানার মরিচা গ্রামে ১৯১৯ খ্রিষ্টাব্দের ২৬ নভেম্বরে। তাঁর পিতার নাম আবদুল গণি, মায়ের নাম ময়মুন্নিসা খাতুন। তাঁর প্রাথমিক পাঠ শুরু হয়েছিলো বাড়িতে, পরে ভর্তি হন মরিচা গ্রামের কাছাকাছি বর্ধনপুর জুনিয়র মাদ্রাসায়। ১৯৩২-এ তিনি ভর্তি হন রাজশাহী হাই মাদ্রাসায়। ১৯৩৬-এ উচ্চ মাদ্রাসা পরীক্ষায় (প্রবেশিকা) প্রথম বিভাগে পঞ্চম হয়ে ভর্তি হন ঢাকার ইসলামিক ইন্টারমেডিয়েট মহাবিদ্যালয়ে। ১৯৩৮-এ আইএ পরীক্ষায় প্রথম বিভাগে ষষ্ঠ হন। তাঁর শিক্ষার ভিত্তিটা ছিলো ধর্মীয়, কিন্তু তিনি ওই বৃত্ত থেকে বেরিয়ে পড়েছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাঙলায় বিএ (অনার্স) শ্রেণীতে ভর্তি হন। ১৯৪১-এ প্রথম শ্রেণীতে দ্বিতীয় হয়ে বিএ (অনার্স) পাশ করেন ও ১৯৪২-এ প্রথম শ্রেণীতে প্রথম হয়ে পাশ করেন এমএ। তিনিই প্রথম মুসলমান ছাত্র, যিনি বাঙলায় বিএ (অনার্স) ও এমএতে প্রথম শ্রেণী লাভ করেন।

বাঙালি মুসলমানের বাঙালি হওয়ার ইতিহাসে এটি এক গুরুত্বপূর্ণ ঘটনা। সেকালের মুসলমান সমাজের রীতি অনুসারে বিয়ে করেছিলেন তিনি অল্প বয়সেই, ১৯৩৬-এর ২৮ ডিসেম্বরে, মাত্র সতেরো বছর বয়সে; তাঁর স্ত্রীর নাম আনিসা বেগম। পাশ করার পর তিনি ঢাকা সরকারি মহাবিদ্যালয়, চট্টগ্রাম মহাবিদ্যালয় ও কৃষ্ণনগর সরকারি মহাবিদ্যালয়ে অধ্যাপনা করেন; এবং পাকিস্তান হওয়ার পর ১১ সেপ্টেম্বর ১৯৪৭-এ চ'লে আসেন রাজশাহী মহাবিদ্যালয়ে। ২ মার্চ ১৯৪৯-এ তিনি প্রভাষকরূপে যোগ দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা ও সংস্কৃত বিভাগে। পরের বছর, ১৮ সেপ্টেম্বর ১৯৫০-এ, ধ্বনিবিজ্ঞান পড়ার জন্যে তিনি বিলেত যান, ভর্তি হন লন্ডন বিশ্ববিদ্যালয়ে, এবং ডিস্টিংশনসহ এমএ পাশ করেন। ১৯৫৩ সালে দেশে ফেরেন। সেকালের মানদণ্ডে তাঁর পদোন্নতিও হয়েছিলো বেশ দ্রুত; ১৯৫৪ সালে তিনি হন রিডার বা সহযোগী অধ্যাপক, এবং ড. মুহম্মদ শহীদুল্লাহ যেখানে প্রফেসর হ'তে পারেন নি, অবসর নিয়েছিলেন রিডাররূপে, সেখানে তেতাল্লিশ বছর বয়সে, ১৯৬২তে, মুহম্মদ আবদুল হাই হন প্রফেসর। ১৯৫৪ সালের ১৬ নভেম্বর তিনি হন বাংলা ও সংস্কৃত বিভাগের অধ্যক্ষ, যে-পদে তিনি অধিষ্ঠিত ছিলেন লোকান্তরিত হওয়ার দিন পর্যন্ত। মুহম্মদ আবদুল হাইয়ের পিএইচডি ডিগ্রি ছিলো না, তিনি ডক্টর ছিলেন না। যদিও তিনি অনেক ডক্টর সৃষ্টি করেছেন, তবু নিজের ডক্টরেট উপাধিটি ছিলো না ব'লে একটু অভাববোধ তাঁর ছিলো। ১৯৬৪ সালে *ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব* প্রকাশের পর তিনি বইটি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডিলিট উপাধির জন্যে পেশ করার কথা ভেবেছিলেন, পুত্রকন্যাদের ও কোনো কোনো বন্ধুর কাছে প্রকাশও করেছিলেন নিজের অভিলাষের কথা। বন্ধুরাই তাঁর ডিলিট হওয়ার পথ

চমৎকারভাবে বন্ধ ক'রে দেন। ১৯৬৪-র আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিলিট ডিগ্রির নিয়ম ছিলো :

> A candidate for the degree of Doctor of Literature (D. Litt.) must have previously obtained the degree of Masters of Arts or the degree of Doctor of Philosophy...[*University of Dacca, The Calender,* Vol I, 1953 : 182].

বন্ধুদের কাছে অভিলাষ ব্যক্ত করার কিছু দিন পর শক্তিশালী বন্ধুরা পদক্ষেপ গ্রহণ করেন, তাঁরা অ্যাকাডেমিক কাউন্সিলের প্রস্তাব তুলে ডিলিট ডিগ্রির নিয়ম বদলে দেন :

> The degree of Doctor of Literature (D.Litt.) may be conferred upon a person who has obtained the Ph. D. degree of this University or any other equivalent degree of an approved University...[*University of Dacca Calender* 1969 : 214].

তাই তাঁর আর ডক্টর হওয়া হয়নি। তাঁর এক কীর্তি *সাহিত্য পত্রিকা,* ১৩৬৪ সালে তিনি এটি সম্পাদনা শুরু করেন, বারো বছর ধ'রে সম্পাদনা ক'রে এটিকে প্রতিষ্ঠিত করেন একটি অসাধারণ গবেষণাপত্রিকারূপে, তাঁর সম্পাদনাকালে যা ছিলো বাঙলা ভাষাঞ্চলে অদ্বিতীয়। ৩ জুন ১৯৬৯ সালে জীবন থেকে স্বেচ্ছায় অনুপস্থিত হয়ে যান আচার্য মুহম্মদ আবদুল হাই।

মুহম্মদ আবদুল হাই বাঙলাদেশে সূচনা করেছিলেন আধুনিক ভাষাবিজ্ঞানের। তুলনামূলক-ঐতিহাসিক ভাষাবিজ্ঞান যখন ম্রিয়মাণ হয়ে পড়েছিলো, এর আর কোনো সম্ভাবনা ছিলো না এদেশে, যদিও এখনো অশেষ সম্ভাবনা রয়েছে; তখন, পঞ্চাশের দশকের শুরুতে, আকস্মিকভাবেই, তিনি লন্ডনে গিয়েছিলেন ধ্বনিবিজ্ঞান পড়তে। তিনি বলেছেন, 'ধ্বনিবিজ্ঞানে যে একদিন দীক্ষা নেবো, এমন কথা ঘুণাক্ষরেও মনে পড়েনি' [মুহম্মদ আবদুল হাই ১৯৫৯ : ১৫৭]। আকস্মিকভাবে দীক্ষিত হ'লেও তাঁর দীক্ষা ছিলো অবিচল। তিনি তাঁর বিদ্যাকে সকলের কাছে মর্যাদাসম্পন্ন ক'রে তুলতে পেরেছিলেন। তিনি ধ্বনিবিজ্ঞানী হয়েছিলেন, কেননা তখন ধ্বনিবিজ্ঞান ছিলো অনেকটা ভাষাবিজ্ঞান; একদশক পরে বিলেতে গেলে তিনি হয়তো হতেন

বাক্যবিজ্ঞানী। *তোষামোদ ও রাজনীতির ভাষা* (১৯৫৯) নামে তাঁর আকর্ষণীয় ও বিভ্রান্তিকর নামের যে-বইটি রয়েছে, তাতে ছাপা হয়েছে তাঁর প্রথম জীবনের অধিকাংশ লেখা, ওই লেখাগুলো থেকে বোঝা যায় মুহম্মদ আবদুল হাইয়ের ঝোঁক ছিলো রম্যরচনার প্রতি, যাতে তিনি অনুসরণ করার চেষ্টা করছিলেন রবীন্দ্রনাথ ও প্রমথ চৌধুরীকে, এবং সৌন্দর্যতৃষ্ণাও ছিলো তাঁর প্রবল। এ-রম্যতা ও সৌন্দর্যতৃষ্ণাকে দমন ক'রে তিনি পাণ্ডিত্যধর্মী প্রবন্ধ লেখায় ক্রমশ মন দেন, বাঙলা সাহিত্যের অধ্যাপক হিসেবে ওসব প্রবন্ধ লেখা জরুরি হয়ে ওঠে তাঁর জন্যে। তবে ওই সব অধ্যাপকী প্রবন্ধে তাঁকে পাওয়া যায় না। তিনি নিজেকে আবিষ্কার করেন আরো পরে, যখন তিনি আকস্মিকভাবে ধ্বনিবিজ্ঞান পড়তে যান বিলেতে। ধ্বনিবিজ্ঞানই তাঁর নিজস্ব এলাকা।

মুহম্মদ আবদুল হাইয়ের প্রথম প্রকাশিত বই, *ইসলামের ঐতিহাসিক অবদান* (১৯৪৯), একটি অনুবাদগ্রন্থ, মানবেন্দ্রনাথ রায়ের *The Historical Role of Islam*-এর বাঙলারূপ। তিনি বলেছেন :

> একজন শিক্ষিত বাঙালী মুসলমান বাঙালী হিন্দুর সামাজিক জীবন ও সংস্কৃতি সম্বন্ধে যতটা অভিজ্ঞ, একজন শিক্ষিত বাঙালী হিন্দুর তার প্রতিবেশী মুসলমানের জীবন সম্বন্ধে ততটা অভিজ্ঞতা থাকা তো দূরের কথা, সামান্যতম ধারণাও নেই। অথচ পরস্পরকে জানলে ও পরস্পরের সংস্কৃতির প্রতি সহানুভূতি সম্পন্ন হলে বর্তমান সাম্প্রদায়িক মাথা ভাঙাভাঙির দিনে এ সমস্যার যে অনেকটা নিরসন হয় একথা খুবই সত্য। এই উদ্দেশ্য প্রণোদিত হয়ে শ্রীযুত রায়ের কাছে [illegible]র *The Historical Role of Islam* বইটির অনুবাদের অনুমতি প্রার্থনা করি।

মুসলমানিত্বের অহমিকা বা পাকিস্তানবাদ প্রচারের জন্যে তিনি ইসলামবিষয়ক একটি বই বেছে নেন নি অনুবাদের জন্যে, অমন উদ্দেশ্য থাকলে তিনি কোনো গোঁড়া মুসলমানের লেখা বই বেছে নিতেন; তিনি নিয়েছেন একজন বিজ্ঞানমনস্ক হিন্দুর লেখা বই, যিনি ইসলামের অবদান উদঘাটন করেছেন কিন্তু তার ঐশিতা স্বীকার করেন নি। মুহম্মদ আবদুল হাইয়ের মুক্ত মনের পরিচয় বহন করছে এ-অনুবাদটি। তাঁর সাহিত্য ও ভাষাবিষয়ক প্রবন্ধের বই দুটি: *সাহিত্য ও সংস্কৃতি* (১৯৫৪, ১৯[illegible]) ও *ভাষা ও সাহিত্য* (১৯৬০, ১৩৭০), এবং রয়েছে একটি রম্য-ব্যক্তিগত ও ভাষাবিষয়ক প্রবন্ধের বই: *তোষামোদ ও রাজনীতির ভাষা* (১৯৫৯)। মুহম্মদ আবদুল হাইয়ের সাহিত্যবিষয়ক প্রবন্ধগুলো অধ্যাপকী রীতির প্রবন্ধ। তিনি

সৈয়দ সুলতান, আলাওল, লালন ফকির, রবীন্দ্রনাথ, নজরুল, কায়কোবাদ, গিরিশ ঘোষ প্রমুখের সম্বন্ধে প্রবন্ধ লিখেছেন, অধিকাংশ প্রবন্ধই সংক্ষিপ্ত; এসব প্রবন্ধে তিনি কোনো মৌলিক প্রস্তাব পেশ করেননি, তাঁর ব্যাখ্যাবিশ্লেষণও বেশ সাধারণ। অনেক প্রবন্ধ তিনি অনুপ্রাণিত না হয়ে হয়তো লিখেছিলেন নানা অনুরোধে। ভাষাবিষয়ক প্রবন্ধগুলোতে বিকশিত হয়েছে তাঁর সীমিত নিজস্বতা। এ-বই তিনটিতে রয়েছে ভাষাবিষয়ক তেরোটি প্রবন্ধ, যেগুলোতে তিনি ভাষাবিজ্ঞানের তাত্ত্বিক ও প্রণালিগত জটিলতা এড়িয়ে নির্দেশ করেছেন ভাষার কোনো কোনো বৈশিষ্ট্য, বিশেষ ক'রে ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য। *তোষামোদ ও রাজনীতির ভাষা* বইটির নামটি বিভ্রান্তিকর; নাম শুনে মনে হয় বইটিতে সম্ভবত রয়েছে ভাষার সমাজভাষাবৈজ্ঞানিক বিশ্লেষণ, কিন্তু তা নেই। দুটি প্রবন্ধে তোষামোদ ও রাজনীতির ভাষার রূপ তিনি দেখানোর চেষ্টা করেছেন খণ্ডিতভাবে। মুহম্মদ আবদুল হাইয়ের সমাজভাষাবিজ্ঞানের প্রতি আকর্ষণ ছিলো, তবে তিনি তাঁর এ-প্রবণতাটির বিকাশ ঘটান নি। তাঁর রম্য-ব্যক্তিগত রচনার একটি রূপ হচ্ছে ভ্রমণকাহিনী *বিলেতে সাড়ে সাত শ দিন* (১৯৫৮)। বাংলা সাহিত্যের ইতিহাসও তিনি লিখেছেন, যদিও সাহিত্যের ঐতিহাসিক হওয়ার প্রবণতা তাঁর ছিলো না। *বাংলা সাহিত্যের ইতিবৃত্ত* (১৯৫৬) তিনি লিখেছিলেন সৈয়দ আলী আহসানের সহযোগে-পাকিস্তান সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুযায়ী। তাঁরা আধুনিক বাংলা সাহিত্যের ইতিবৃত্ত লিখেছিলেন, মৌলিকভাবে নয়, অন্যদের গবেষণার ওপর নির্ভর ক'রে; মুসলমান লেখকদের ওপর দিয়েছিলেন অধিকতর গুরুত্ব, এবং এমন একটি বই তাঁরা প্রস্তুত করেছিলেন যা শিক্ষার্থীদের উপকারে এসেছে। এসব গৌণ পরিচয় বহন করে মুহম্মদ আবদুলর হাইয়ের; তাঁর মুখ্য পরিচয় বহন করে তাঁর ধ্বনিতাত্ত্বিক রচনাসমূহ।

মুহম্মদ আবদুল হাই ছিলেন লন্ডন ধারার সাংগঠনিক ধ্বনিবিজ্ঞানী, নিষ্ঠার সাথে তিনি অনুসরণ করেছেন ওই ধারাকে। সাংগঠনিক ভাষাবিজ্ঞানের বিশেষ তাত্ত্বিক উৎসাহ ছিলো না, লন্ডন ধারার তত্ত্বে উৎসাহ ছিলো না একেবারেই, ওই ধারার সম্পূর্ণ উৎসাহ ছিলো বর্ণনায়; তা মুহম্মদ আবদুল হাইয়ের ধ্বনিবিজ্ঞানবিষয়ক রচনায়ও দেখা যায়। তিনি ছিলেন নিপুণ বর্ণনাকারী, যার পরিচয় পাই *A Phonetic and Phonological Study of Nasals and Nasalization in Bengali* (১৯৬০) ও *ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব* (১৯৬৪) গ্রন্থে। ডব্লিউ জে বলের সহযোগিতায় তিনি *The Sound Structures of English and Bengali* (১৯৬১) নামে যে-বইটি লিখেছিলেন, তাতেও বর্ণনাই মুখ্য। তাঁর বিলেতে

ধ্বনিবিজ্ঞান পড়তে যাওয়ার অনেক আগেই লিওনার্ড ব্লুমফিল্ডের প্রবল প্রয়াসে আচরণবাদী মনোবিজ্ঞান প্রবেশ করেছিলো ভাষাবিজ্ঞানে, যুক্তরাষ্ট্রে তা প্রচণ্ডরূপ ধারণ করেছিলো; যদিও লন্ডন বিদ্যালয়ীরা অতোটা উগ্র ছিলেন না, তবুও তাঁরাও ছিলেন আচরণবাদীই। আচরণবাদীদের মতে ভাষা মানুষের নানা আচরণের মতো একটি আচরণ মাত্র, মানুষ আর ভাষা সৃষ্টিশীল নয়। লন্ডনে গিয়ে তিনি আচরণবাদের মুখোমুখি প্রথম বিব্রত বোধ করেছেন; বলেছেন,

> ভাষা সম্বন্ধে এ চিন্তা পদ্ধতির পক্ষে প্রথম বছরখানেক আমার মন কিছুতেই সাড়া দেয়নি। তারপর যতই পড়েছি ও ভেবেছি ততই দেখি এ চিন্তা পদ্ধতিও একটি শক্ত ভিত্তির উপর দাঁড়িয়ে আছে। ভাষাকে সমাজ জীবনের ভিত্তি রচনার মূল সহায় হিসেবে ধরলে এ চিন্তা পদ্ধতির একটা সহজ মীমাংসা পাওয়া যায় [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ১১-১২]।

তিনি এ-মত মেনে নিয়েছিলেন, না মেনে উপায় ছিলো না; তবে তিনি ধ্বনিবিজ্ঞানী ছিলেন ব'লে আচরণবাদ তাঁকে বেশি নিয়ন্ত্রণ করতে পারে নি, কারণ আচরণবাদ ধ্বনিবর্ণনায় কোনো কাজে লাগে না। তিনি মনে করেছেন যে আচরণবাদ 'শক্ত ভিত্তির উপর দাঁড়িয়ে' আছে, তা অবশ্য ঠিক নয়; আসলে এটা কোনো 'শক্ত ভিত্তির উপর দাঁড়িয়ে' নেই। তবে তত্ত্ব মুহম্মদ আবদুল হাইকে বেশি আকর্ষণ করে নি; ভাষা কী এ-সম্পর্কে কোনো তত্ত্ব পোষণ না ক'রেও সাংগঠনিক রীতিতে ধ্বনিবর্ণনা সম্ভব, তিনিও তাই করেছেন। ভাষা বলতে তিনি বুঝেছেন :

> যুগে যুগে বিশেষ বিশেষ সমাজমন সমাজের বহুজন স্বীকৃত কতকগুলো অর্থবোধক ধ্বনির বা ধ্বনিগত অর্থবোধক সঙ্কেতের সাহায্য সেই সমাজ জীবন চালু রাখে। এই অর্থবোধক ধ্বনি সমষ্টির নামই ভৌগোলিক সীমারেখায় আবদ্ধ বিশেষ সমাজ জীবনের জন্য বিশেষ ভাষা [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ৮]।

ভাষার যে-সংজ্ঞা তিনি দিয়েছেন, সাংগঠনিকেরা ঠিক এভাবে দেন না, অর্থকে তাঁরা অবহেলাই করেন; মুহম্মদ আবদুল হাই অর্থের কথা ভুলতে পারেন নি, অর্থাৎ তিনি পুরোপুরি আচরণবাদী হয়ে উঠতে পারেননি। তাঁরা 'অর্থবোধক ধ্বনি' ব'লে কিছু স্বীকার করেন না, আর ১৯৫৭-পরবর্তী রূপান্তরবাদীরা ভাষাকে ধ্বনিসমষ্টি ব'লেও মনে করেন না। সাংগঠনিকেরা ভাষার সর্বজনীনতায় বিশ্বাসী ছিলেন না; মুহম্মদ আবদুল হাইও মেনে নিয়েছিলেন যে-

দুনিয়ার সব মানুষেরই সমাজ-মনের প্রকাশ ও বিকাশের জন্য ভাষার প্রয়োজন অনস্বীকার্য, কিন্তু ভাষার নিয়ম-শৃঙ্খলার ব্যাপারে সার্বজনীনতা বলে কিছু নেই। প্রত্যেক ভাষারই নিয়ম-কানুন স্বতন্ত্র। সে দিক থেকে প্রত্যেকটি ভাষাই এক একটা স্বয়ংসম্পূর্ণ জগতের মতো আপন কক্ষপথে আপনিই বিচরণ করছে [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ৭২]।

প্রতিটি ভাষার স্বায়ত্তশাসন সম্পর্কে এমন ধারণা প্রথম মহাযুদ্ধের আগে থেকেই দেখা দিতে থাকে, এক সময় তা চমকপ্রদভাবে আকর্ষণীয় ছিলো। সাংগঠনিকেরা বলতেন যে বিভিন্ন ভাষার মধ্যে একমাত্র সাদৃশ্য হচ্ছে এদের মধ্যে কোনো সাদৃশ্য নেই; ফ্রানৎস বোয়াস আমেরিকার আদিভাষাগুলো বর্ণনা করতে গিয়ে সৃষ্টি করেছিলেন এ-ধারণা, এবং পরবর্তী সাংগঠনিকেরা এ-ধারণাটিকে সারা পৃথিবীতে ছড়িয়ে দিয়েছিলেন। তাঁরা ছিলেন বৈসাদৃশ্যবাদী, মনে করতেন কোনো মিল নেই ভাষায় ভাষায়। কিন্তু ভাষায় সর্বজনীন বৈশিষ্ট্যের কোনো অভাব নেই, আপাতদৃষ্টিতে একটি ভাষাকে আরেকটি ভাষা থেকে যতোই ভিন্ন ব'লে মনে হোক-না-কেন, মানবভাষার মধ্যে রয়েছে গভীর মিল। মিল রয়েছে ধ্বনিতে, *ক্যাটেগরিতে*, বাক্যসংগঠনে, আর অর্থে। মুহম্মদ আবদুল হাই ও ডব্লিউ জে বলের লেখা *The Sound Structures of English and Bengali* নামের বইটিই প্রমাণ করে যে ভাষায় ভাষায় পার্থক্য সত্ত্বেও মিল রয়েছে, 'প্রত্যেকটি ভাষাই একটা স্বয়ংসম্পূর্ণ জগতের মতো আপন কক্ষপথে আপনিই বিচরণ করছে' না। তবে তাঁর বিশ্বাস তাঁর বর্ণনাকে ক্ষতিগ্রস্ত করতে পারে নি। *A Phonetic and Phonological Study of Nasals and Nasalization in Bengali* গ্রন্থে পাই একটি বাঙলা ধ্বনিতাত্ত্বিক প্রক্রিয়ার নিপুণ জটিল বর্ণনা, যা বুঝতে হ'লে পাঠককে ধ্বনিবিজ্ঞানে দক্ষ হওয়া দরকার। মুহম্মদ আবদুল হাই বুঝেছিলেন এমন বর্ণনা বাঙালির সমাজে বিশেষ উপকারে আসবে না, তাঁর বর্ণনা বোঝার জন্যে কোনো দক্ষ পাঠক তিনি পাবেন না; তাই বর্ণনাকে সহজভাবে পৌঁছে দিতে হবে সাধারণ বাঙালি পাঠক ও শিক্ষার্থীদের কাছে। সে-কাজ তিনি করেন *ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব* গ্রন্থে; প্রণালিপদ্ধতিগত জটিলতা পরিহার ক'রে সরলভাবে তিনি বর্ণনা করেন বাঙলা ধ্বনিশৃঙ্খলার খণ্ডাংশ, যা অনেক দিন হয়ে থাকবে বাঙলা ধ্বনিশৃঙ্খলার খণ্ডাংশের শ্রেষ্ঠ বর্ণনা।

মুহম্মদ আবদুল হাই যখন বেঁচেছিলেন তখন বাঙালির ওপর চেপে বসেছিলো পাকিস্তানবাদ, যা লিপ্ত ছিলো বাঙলা ভাষাকে পর্যুদস্ত করার নিরন্তর চক্রান্তে। মুহম্মদ

আবদুল হাই শান্তভাবে প্রতিহত করেছেন বাংলা ভাষা ও সাহিত্যের ওপর পাকিস্তানবাদী আক্রমণ। তাঁর ভূমিকা ছিলো খুব গুরুত্বপূর্ণ। তিনি ছিলেন, ১৬ নভেম্বর ১৯৫৪ থেকে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাঙলা ও সংস্কৃত বিভাগের অধ্যক্ষ; তাই তাঁর ভূমিকা শুধু ব্যক্তিগত ছিলো না, ছিলো প্রাতিষ্ঠানিকও। পাকিস্তানি রাষ্ট্রযন্ত্রের চাপ নিশ্চয়ই পড়তো তাঁর ওপর, তিনি বিদ্রোহ না ক'রে শান্তভাবে প্রতিহত করেছেন ওইসব চাপ। তাঁর লেখা পরিচয় দেয় যে একজন গভীর বাঙালি বাস করতো তাঁর ভেতরে। তাঁর বিভিন্ন লেখায় ফিরে ফিরে এসেছে 'বাঙালি', 'বাঙলাদেশ' প্রভৃতি শব্দ। তখন বাঙলার ও বাঙালির অবস্থা ছিলো কেমন? তিনি লিখেছেন, 'বাংলার আজ দুর্দিন। সকল বাঙালীরই। যাদের নয় তারা ত সমাজের পরগাছা' ['মুহম্মদ আবদুল হাই ১৯৫৯ : ৪] বা 'তেমনি আসে অভাব ও দৈন্য পীড়িত বাঙালী মুসলমানের এই জিন্দেগীর ঈদ' [মুহম্মদ আবদুল হাই ১৯৫৯ : ৩৮]। জিন্না সম্পর্কে লিখতে গিয়েও বলেছেন, 'আমরা এ উপমহাদেশবাসী, শুধু তাই নই — বাঙালী; আবার তাও নই — মুসলমান' [মুহম্মদ আবদুল হাই ১৯৫৯ : ২০]। একটি ভূখণ্ডকে তিনি বারবার নির্দেশ করেছেন 'বাংলা দেশ' নামে : 'বাংলা দেশ অনুকরণপ্রিয়। ইসলাম প্রবর্তিত মানবতার ও নূতন সমাজ ব্যবস্থার আকর্ষণে বাংলা দেশও চতুর্দশ-পঞ্চদশ শতাব্দীতে বিপুলভাবে সাড়া দিয়াছিল। শ্রীচৈতন্যের সময়ে বাংলা দেশে ইসলাম সুপ্রতিষ্ঠিত হইয়াছিল' [মুহম্মদ আবদুল হাই ১৯৬৫ : ৪]। তিনি বাস করছিলেন 'পূর্ব পাকিস্তান'-এ, তবে এ-নামের আড়ালে তিনি বাস করেছেন বাঙলাদেশেই; সম্পূর্ণ পাকিস্তান তাঁর স্বপ্নআবেগকে অধিকার করতে পারে নি। কিশোরদের জন্যে যখন তিনি স্বদেশ সম্পর্কে প্রবন্ধ লিখেছেন, তখন তার নাম রেখেছেন 'পূর্ব পাকিস্তান', কিন্তু মনের মধ্যে লালন করেছেন বাঙলাকে :

> পূর্ব পাকিস্তান আমার দেশ। আমি এই দেশে জন্মগ্রহণ করিয়াছি। এই দেশের আবহাওয়ায় মানুষ হইতেছি। এই দেশের মাটিতে যে শাক-সব্জী, ফল-মূল এবং আরও নানাপ্রকার খাদ্যশস্য জন্মে, তাহা খাইয়াই আমি জীবনধারণ করিতেছি। [মুহম্মদ আবদুল হাই ১৯৫৭ : ১]।

১৯৫৭ সালে কিশোরদের জন্যে লেখা এবং তাঁরই সংকলিত বইয়ে 'পূর্ব পাকিস্তান আমার দেশ' বলা বেশ আপত্তিকর ছিলো। কিন্তু তিনি 'পাকিস্তান আমার দেশ' শেখাতে চান নি কিশোরদের, বলেছেন, 'আমার সেই সোনার পূর্ব-পাকিস্তানকে আমি কি ভালবাসিব না?' [মুহম্মদ আবদুল হাই ১৯৫৭ : ২]। তখন শেখানোর কথা ছিলো পাকিস্তানকে ভালবাসা, কিন্তু তিনি শিখিয়েছিলেন :

> পূর্ব পাকিস্তানের এই শোভা, এই গান ও এই আনন্দ আমাদের জীবনে আমাদের সাথী হইয়া রহিয়াছে। এমনটি আর কোথায় পাইব ?...শত্রু আমার দেশকে — আমার সেই সোনার জন্মভূমি পূর্ব-পাকিস্তানকে — আক্রমণ করিলে আমি এই দেশের জন্য লড়াই করিয়া শহীদ হইব না তো কোন্ দেশের জন্য হইব ? ধন্য আমার মাতৃভূমি, ধন্য আমার পূর্ব-পাকিস্তান, তোমাকে আমার সালাম জানাই [মুহম্মদ আবদুল হাই ১৯৫৭ : ৩]।

তিনি কিশোরদের পাকিস্তানের জন্যে শহীদ হ'তে শেখান নি, শিখিয়েছেন 'সোনার জন্মভূমি পূর্ব-পাকিস্তান'-এর অর্থাৎ সোনার বাঙলার জন্যে শহীদ হ'তে। এর সাথে পল্লীকবির রচনাটি মিলিয়ে দেখলে বোঝা যাবে কতোটা আন্তরিক বাঙালি ছিলেন তিনি। একই বিষয়ে জসীমউদ্‌দীন লিখেছিলেন : 'আমাদের সুন্দর মাশরেকী পাকিস্তানের মানচিত্রের দিকে একবার চেয়ে দেখুন।...এই ভাষার সাহায্যে আমাদের দেশে অসংখ্য জনগণকে আমরা পাকিস্তানের নতুন আদর্শে উদ্বোধিত করে তুলব। নয়া যামানার ফজরের মেহেদী রঙে আমরা রঙীন হয়ে উঠব' বাঙলার পল্লীকবি পাকিস্তানের রঙে রঙিন হয়ে ভুলে গেছেন বাঙলাকে, তাঁর কাছে পূর্ব পাকিস্তান হয়ে উঠেছে 'মাশরেকী পাকিস্তান'; তিনি জনগণকে উদ্বোধিত করতে চেয়েছেন 'পাকিস্তানের নূতন আদর্শে', রঙিন হ'তে চেয়েছেন 'নয়া যামানার ফজরের মেহেদী রঙে'। বাঙলার পল্লীকবিও যখন মেতে উঠেছিলেন পাকিস্তান ও উর্দুফারসিতে, তখন মুহম্মদ আবদুল হাই থেকেছেন আন্তরিক বাঙালি।

পাকিস্তানবাদের এক মারাত্মক লক্ষ্য ছিলো বাঙলা ভাষার ইসলামিকরণ, যাতে মুহম্মদ আবদুল হাইয়ের সম্মতি ছিলো না। তিনি বলেছেন, 'পাকিস্তান প্রতিষ্ঠিত হবার পর থেকেই এ' ক'বছর ধরেই আমাদের সাহিত্যিক, শিক্ষক ও সাংবাদিক সম্প্রদায়ের মধ্যে আমাদের সাহিত্যের ভাষা কি হবে সে সম্পর্কে প্রবল আত্মজিজ্ঞাসার সূচনা হয়েছে দেখতে পাই।' [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ১৬]। তিনি দেখেছেন স্বাধীনতা বাঙলা ভাষার দু-অঞ্চলেই কিছুটা ভাষিক বিকৃতি সৃষ্টি করেছে :

> মুসলিম জীবনের সর্ববিধ স্বাধিকারের দাবীতেই পাকিস্তানের জন্ম। ....নূতন স্বাধীনতার স্বাদ পেয়ে পশ্চিম বঙ্গের সরকারী ভাষাকমিটি যেমন প্রচলিত আরবী-ফারসী শব্দকে বাদ দিয়ে জাতীয় অভিমানবশতঃ দুর্বোধ্য ও দুরুচ্চারিত সংস্কৃত ব্যবহারের পরওয়ানা জারি করেছে, জনসাধারণের ঘরোয়া ভাষার প্রতি যথোচিত মূল্য দানের বিষয়

> একেবারে ভুলে গেছে, আমাদের এখানেও তেমনি আরবী-ফারসী শব্দ ব্যবহারে কিছু অতিরেক ও অতিরঞ্জন দেখা গেছে [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ১৮] ।

তিনি পশ্চিম বাঙলার বাঙলা ভাষার হিন্দুকরণ যেমন স্বীকার করেন নি, তেমনি পাকিস্তানে বাঙলা ভাষার ইসলামিকরণও মানেন নি। তিনি বলেছেন, 'ভাষা নানা প্রভাব সহ্য করে কিন্তু জোর জবরদস্তি সহ্য করে না। জোর জুলুম করে অপরিচিত আরবী-ফারসী শব্দ ব্যবহার করলেও ভাষার স্বাভাবিক গতি তাদের যেমন স্বীকার করে না; তেমনি গুরুভার সংস্কৃত শব্দও বাংলা ভাষার গতিপথে টিকলো না' [মুহাম্মদ আবদুল হাই ১৩৭০ : ২৭]। দু-অঞ্চলের বিকারের রূপই তিনি দেখিয়েছেন :

> পাকিস্তান প্রতিষ্ঠিত হবার অব্যবহিত পরে এ দাবীর উগ্র প্রকাশও আমরা দেখেছি। এখানে পশ্চিম বাংলা ও পাকিস্তান সমানভাবেই একই মানসিকতার পরিচয় দিয়েছে। পশ্চিম বাংলাতেও যেমন নিত্যব্যবহার্য ও বহুল প্রচলিত জমিজমা, উকিল-মহুরী, আইন-আদালত জাতীয় আরবী-ফারসী শব্দ বাদ দিয়ে অপরিচিত ও উদ্ভট সংস্কৃত শব্দ আমদানি করা হয়েছে, তেমনি আমাদের এখানেও নিত্যব্যবহার্য ও বহুল পরিচিত সাধারণ বাংলা শব্দের পরিবর্তে 'জমহুরিয়া', 'সদরে রিয়াসত', 'জস্নে আজাদী', 'ঈদ জমিমা', 'আশিয়ানা', 'গোজারেশ', ইত্যাদি অপ্রচলিত এবং সাধারণের আরবী-ফারসী শব্দ ব্যবহার করার প্রয়াস দেখা গেছে' [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ৩১] ।

তিনি চেয়েছেন রাজনীতিক উগ্রতামুক্ত স্বাভাবিক বাঙলা ভাষা।

আধুনিক কালে বাঙালি সৃষ্টি করেছে দুটি মান বাঙলা ভাষা; — সাধুরীতি ও চলতিরীতি; দুটিই সৃষ্ট হয়েছে কলকাতাকে কেন্দ্র ক'রে। পাকিস্তানবাদীরা একটি পাকিস্তানি মান বাঙলার স্বপ্ন দেখেছিলো, যা ছিলো এক অসম্ভব দুঃস্বপ্ন। মুহম্মদ আবদুল হাই নতুন পাকিস্তানি মান বাঙলায় বিশ্বাসী ছিলেন না। তিনি বলেছেন :

> রাজনৈতিক ও অর্থনৈতিক কারণে অবিভক্ত বাংলার রাজধানী কলকাতাকে কেন্দ্র করে কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলের উপভাষায় গত দেড়শো বছর ধরে হিন্দু-মুসলমান নির্বিশেষে সকল বাঙালী সাহিত্যিকই সাহিত্য চর্চা করে এসেছেন।.... এর মূল গঙ্গাপারে হলেও বিগত দেড়শো বছরে শুধু গঙ্গাপারেই এ গ্রথিত থাকে নি, শাখা পল্লব

বিস্তার করে উভয় বাংলারই সাধারণ সম্পদরূপে পরিগণিত হয়েছে।...এ উপভাষার ঐতিহ্যকে আমরা যদি গ্রহণ না করি তা হলে কোন উপভাষায় আমরা সাহিত্য সৃষ্টি করবো ? ঢাকার ?- নোয়াখালীর ?-চট্টগ্রাম ?-শ্রীহট্টের, না ত্রিপুরা ও ময়মনসিংহের ?' [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ৫৮] ।

তিনি জানতেন নতুন মান বাঙলা সৃষ্টি সম্ভব নয়, আর সম্ভব হ'লেও তা শুভ নয়। তিনি বলেছেন :

আমাদের সামনে গত দেড়শো বছরের সাহিত্যের এ ঐতিহ্য যদি না থাকতো তা হলে রাজধানী ঢাকাকে কেন্দ্র করে অত্যন্ত অল্প সময়ের মধ্যে আমরা সমগ্র পূর্ব পাকিস্তানের জন্য এখানকার কোন এক উপভাষাকে ভিত্তি করে সাহিত্যের একটা ষ্টান্ডার্ড ভাষা গড়ে তুলতে পারতাম। প্রচলিত ষ্টান্ডার্ড ভাষা অন্তরায় হয়ে দাঁড়িয়েছে দেখে আমাদের পক্ষে তা সম্ভব হচ্ছে না।" [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ৫৯] ।

তিনি গ্রহণ করেছেন প্রচলিত মান ভাষাকেই : 'পূর্ব পাকিস্তানে বাংলা গদ্যের রূপায়ণে উত্তরাধিকার সূত্রে পাওয়া বহুকাল ধরে হিন্দু-মুসলিম নির্বিশেষে বহু লোকের অনুশীলিত সেই ষ্টান্ডার্ড ডাইলেক্‌টকেই আমাদের সাহিত্যের base তথা মূলভিত্তি হিসেবে স্বীকার করে নেওয়া ছাড়া গত্যন্তর দেখিনা [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ৬৩] ।

উচ্চারণের ক্ষেত্রেও তাঁর একই সিদ্ধান্ত :

চলিত উচ্চারণকে যাঁরা কলকাতা, শান্তিনিকেতন তথা পশ্চিমবাংলা ভিত্তিক বলে বর্জন করতে চান, আমি তাঁদের সঙ্গে একমত নই। এ উচ্চারণ পশ্চিম বাংলা ভিত্তিক হলেও প্রাক-আজাদী যুগের বহু জিনিসের মত আমরা এর উত্তরাধিকারী। এই উচ্চারণই হবে আমাদের ভবিষ্যৎ আদর্শ উচ্চারণ গড়ে তোলার ভিত্তি [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ৭২] ।

বাঙলা ও বাঙালিকে পর্যুদস্ত করার আরেকটি পাকিস্তানবাদী চক্রান্ত ছিলো বাঙলা বর্ণমালার বদলে রোমান বর্ণমালা ব্যবহারের প্রস্তাব। ১৯৫৭ সালেই মুহম্মদ আবদুল হাই বিজ্ঞানসম্মত যুক্তির সাহায্যে প্রত্যাখ্যান করেন এ-প্রস্তাবকে। তিনি বলেছেন,

'সম্প্রতি রোমান হরফে বাংলা লিখবার একটা ধূয়া উঠেছে, [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ৯৪] ; এতেই তাঁর অসন্তোষ স্পষ্ট ধরা পড়ে। তবে শুধু অসন্তোষ প্রকাশ করলে চলবে না ব'লে তিনি একের পর এক যুক্তি দিয়ে প্রমাণ করেছেন প্রস্তাবটির অসারতা।

তখন উগ্র পকিস্তানি বাঙলাপন্থীর অভাব ছিলো না, যাঁরা আজ বাদ দিচ্ছিলো বিদ্যাসাগরকে, কাল বঙ্কিমকে, পরশু রবীন্দ্রনাথকে, এবং সরকারের স্নেহে তৈরি ক'রে চলছিলো মুসলমানি বাঙলা। মুহম্মদ আবদুল হাই সাধারণত বক্তব্য পেশ করেন মৃদুভঙ্গিতে, ব্যঙ্গ বিদ্রুপ আক্রমণে যান না; কিন্তু তিনিও কখনো কখনো তাঁদের কাজে বিদ্রূপপরায়ণ হয়ে উঠেছেন :

> আমাদের মধ্যে একদল ভাবছেন বাংলা ভাষাকে একেবারে বাদ দিয়ে উর্দুকে বরণ করা যখন সম্ভব হলো না তখন প্রচুর আরবী ফারসী তথা উর্দু শব্দ আমদানি করে, বাংলার বর্ণমালা পর্যন্ত পাল্টে দিয়ে বাংলাকে ধীরে ধীরে উর্দুর সমপর্যায়ে টেনে তুলতে হবে। এঁরা হলেন চরমপন্থী। চরমপন্থীরা মনে করেন বড় রকমের রাজনৈতিক বিবর্তন প্রতি দেশেরই জাতীয় জীবনে একটা পরিবর্তন এনে দেয়। তাই আমরা যখন পাকিস্তান অর্জনে সফলকাম হয়েছি তখন পুর্ব পাকিস্তানের ভবিষ্যৎ বাংলাভাষা ও সাহিত্যে পরিবর্তন অবশ্যম্ভাবী। তার জন্য আস্ফালনের প্রয়োজন নেই, ভাষাকে আজই ঢেলে সাজাবার তাগিদ নেই আর বর্ণমালাকে গঙ্গা পার করে পশ্চিম বাংলার 'কুফুরস্থানে' ঠেলে দিয়ে হুরুফুল কোরানের ভাঁওতায় উর্দু অক্ষর গ্রহণ করারও 'জরুরাত' নেই। পাকিস্তান রাষ্ট্রের উন্নতির সঙ্গে পূর্ব পাকিস্তানের বাংলা সাহিত্যেও ধীরে ধীরে পাকিস্তানী (পূর্ব পাকিস্তানী অবশ্য) ছাপ বহন করবে [মুহাম্মদ আবদুল হাই ১৯৬৫ : ১৯২-১৯৩] ।

'বর্ণমালাকে গঙ্গা পার করে পশ্চিম বাংলার 'কুফুরস্থানে' ঠেলে দিয়ে হুরুফুল কোরানের ভাঁওতায় উর্দু অক্ষর গ্রহণ করারও 'জরুরাত' নেই'- কথাগুলো লক্ষ্য করার মতো। এমন বিদ্রূপ তিনি আরেকবার করেছেন : 'কথা উঠেছে সাহিত্যকেও দীন ইসলামের কলেমা পড়াতে হবে।...পৃথিবীকে শারীরিক শক্তির আস্ফালনের দ্বারা কোন জাতি বাঁচেনি; কুওতে ইসলাম জাহির ক'রে আমরাও তেমন বাঁচতে পারবো না।' [মুহম্মদ আবদুল হাই, ১৯৬৫ : ২০০] । বেশ ঝুঁকি নিয়েছিলেন তিনি, 'কথা উঠেছে সাহিত্যকেও দীন ইসলামের কলেমা পড়াতে হবে' বলতে এখন খুবই সাহসের দরকার হবে।

বাঙলা ভাষার পাকিস্তানিকরনের পরিণতিও তিনি নির্দেশ করেছেন। তিনি বলেছেন :

'এই প্রয়োগ পরীক্ষার বিফলতায় আমাদের জাতির (বাঙালী মুসলিম) মনে গভীর নৈরাশ্য দেখা দেবে। আর রাজনৈতিক অবস্থার জন্যই ভেতরে ভেতরে উর্দুটাও আমাদের গা সওয়া হয়ে উঠবে। তখন একদিন আইনের জোরেই হোক কিংবা মানসিক বিকারের ফলেই হোক উর্দুকে শুধু জীবিকা অর্জনের ভাষা রূপে নয়, আমাদের কথ্য, লেখ্য, শিক্ষার মাধ্যম ও সাহিত্যের ভাষারূপে উৎসব ক'রে বরণ করে নেওয়া হবে। তারপর পূর্ববাংলায় চলবে উর্দুর সাধনা।....আমরা হবো তখন ওদের বোঝা স্বরূপ, হবো অশ্রদ্ধার পাত্র। দু-নৌকায় পা দিয়ে সে অবস্থায় আমাদের বাঁচা তো দূরের কথা, শান্তিতে মরবারও আর ফুরসৎ থাকবে না' [মুহম্মদ আবদুল হাই ১৯৬৫ : ১৯৩]।

তাহলে বেঁচে থাকতে হবে কীভাবে ? তিনি বলেছেন, 'আমরা পাকিস্তানবাসী অথচ পূর্ব পাকিস্তানের; এই বৈশিষ্ট্যের উপর যদি আমাদের সাহিত্য গড়ে ওঠে তবে আশা হয় আমরা মরবো না; এবং কারুর দাসেও পরিণত হব না' [মুহাম্মদ আবদুল হাই ১৯৬৫ : ২০১]। পাকিস্তানের সাধনা ছিলো মুসলমান গড়ার, কিন্তু মুহম্মদ আবদুল হাই দেখছিলেন দিকে দিকে গ'ড়ে উঠছে বানর, যে-প্রক্রিয়া আজো চলছে। তিনি বলেছেন, ' সে যে বাঙলার মানুষ। সুতরাং তার মুসলমানত্ব ও বাঙালীত্ব তার পাকিস্তান ও পূর্ব বাঙলা-এই বৈশিষ্ট্যের উপরেই তার সাহিত্য তাকে রচনা করতে হবে' [মুহম্মদ আবদুল হাই ১৯৬৫ : ১৯৮]। তিনি চেয়েছেন আধুনিক বাঙালি লেখকও উর্বর করবেন বাঙলার মাটি ও সাহিত্যকে; তা হবে বাঙলার ও বাঙালির, পাকিস্তানের ও পাকিস্তানির নয়। তিনি বলেছেন, 'এখানকার সাহিত্য হবে এখানকার মানুষেরই জীবনের প্রতিচ্ছবি' [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ১৩৫]।

মুহম্মদ আবদুল হাই ভাষা ও সাহিত্য সম্পর্কেই সাধারণত প্রবন্ধ লিখেছেন, পাকিস্তানি সমাজের ভাষ্য লেখেন নি। তবে ওই সমাজের চরিত্রহীনতা তাঁর চোখ এড়ায় নি। তিনি দেখেছেন, 'নীতিজ্ঞান ঐতিহাসিক ভাবেই আমাদের দেশ থেকে একেবারে বিলুপ্ত হয়ে গেছে। আযাদী পরবর্তী যুগে চরিত্রহীনতাই আমাদের এ কালের নীতিজ্ঞান' [মুহাম্মদ আবদুল হাই ১৩৭০ : ১৮০]। আর ইসলাম ? বলেছেন 'ইসলামকে আজ যে মুসলমানেরাই তাদের নিজেদের স্বার্থের অজুহাতে ব্যবহার

করছে' [মুহম্মদ আবদুল হাই ১৩৭০ : ২৪০]। পাকিস্তান যে পরগাছাদের, যেমন আজকের বাঙলাদেশ, তাও তাঁর চোখে পড়েছে; বলেছেন :

এ মাস ও এ দিন পরগাছাদের, কিন্তু সামনের মাস গরীবের। ধনীরা এ মাসে আমোদ করে, এ দিনে খায় আর গরীবেরা এ দিনে উপোস করে, এ মাসে শুকোয় আর সামনের মাসের দিকে চেয়ে থাকে....এ মাস চোরাকারবারে ফেঁপে ওঠা ধনীর সহজ সুখের আশ্রয় বড়ো কন্ট্রাক্টারের সুখ নিদ্রা, আর সুযোগসন্ধানী নরনারীর চকিত থাকা [মুহম্মদ আবদুল হাই ১৯৫৯ : ৪-৫]।

মুহম্মদ আবদুল হাইয়ের রচনার পরিমাণ বিপুল নয়। নিচে তার গ্রন্থসমূহের বিস্তৃত পরিচয় দেয়া হলো।

[১] ইসলামের ঐতিহাসিক অবদান

মূলঃ এম এন রায়

প্রথম সংস্করণ ফেব্রুয়ারি ১৯৪৯; রেনেসাঁ পাবলির্শাস, কলকাতা। পৃষ্ঠা ১২+১২৬। দ্বিতীয় সংস্করণ সেপ্টেম্বর ১৯৫৭; নওরোজ কিতাবিস্তান, ঢাকা। পৃষ্ঠা ১০+১২৫; মূল্য ২.০০।

[২] সাহিত্য ও সংস্কৃতি

প্রথম সংস্করণ ১৯৫৪; বি-এফ্-এইচ্ পাবলিশিং হাউস, ঢাকা। পৃষ্ঠা ৮+১৭২; মূল্য ৩.৫০। উৎসর্গঃ মরহুম ওয়ালেদ জনাব আবদুল গনি-কে। বইটিতে সংকলিত হয় ১৭টি প্রবন্ধ। দ্বিতীয় সংস্করণ আগস্ট ১৯৬৫; ষ্টুডেন্ট ওয়েজ, ঢাকা। পৃষ্ঠা ১০+২৫৬; মূল্য ৭.০০। উৎসর্গঃ জান্নাতবাসী আব্বা জনাব আবদুল গনির স্মরণে। এ-সংস্করণে বইটিতে সংকলিত হয় ১৯টি প্রবন্ধ। প্রথম সংস্করণে অন্তর্ভুক্ত 'ভাষা ও সমাজ-জীবন' [পৃ ১-১২], এবং 'রবীন্দ্র কাব্যে মানবতা' [পৃ ৭৩-৮৩] প্রবন্ধ দুটি দ্বিতীয় সংস্করণে বাদ দেয়া হয়; এবং সংযোজিত হয় চারটি নতুন প্রবন্ধ : 'বিদ্যাপতি কাব্যপাঠ', 'লালন শাহ ফকির', 'আলাওলের সেকান্দারনামা', ও 'ভাষাতাত্ত্বিক রবীন্দ্রনাথ'। 'ভাষা ও সমাজ-জীবন' প্রবন্ধটি ভাষা ও সাহিত্য গ্রন্থে গৃহীত হয়, কিন্তু

'রবীন্দ্র-কাব্যে মানবতা' প্রবন্ধটি পরে কোনো গ্রন্থভুক্ত হয় নি। প্রবন্ধগুলোর প্রথম প্রকাশের তথ্য :

১৯৪৩ ইসলামে শাসন-সংহতি। *দেশের কথা,* ঈদসংখ্যা, অক্টোবর।
১৩৫২ মুসলিম ভারতে স্ত্রীশিক্ষা। *মাসিক মোহাম্মদী [মামো],* জ্যৈষ্ঠ।
১৩৫২ মুসলিম ভারতে শিক্ষাব্যবস্থা। *সাপ্তাহিক মোহাম্মদী,* মাঘ।
১৩৫২ ঐতিহাসিক উপন্যাস। *মামো,* ১৮ঃ১০, ৪৬৬-৪৬৭।
